ইত্তেফাক

তারিখ 1.8/3/79
পৃষ্ঠা 3 কলাম 2



# সৌদী আরব আরবী শিক্ষক পাঠাইবে

বাসস জানায়, রিয়াদের ইমাম মুহম্মদ বিন সউদ আল কবির বিশ্ববিদ্যালয়ের অ-আরবদের জন্য আরবী ভাষার পরিচালক ডঃ আবদুর রহমান আল হোসাইনী এবং ইসলামী আইনের অধ্যাপক শেখ মুহম্মদ আবদুল্লাহ আল-রেইসিন গত বৃহস্পতিবার পিজি হাসপাতালে শিক্ষা প্রতিমন্ত্রী আবদুল বাতেনের সাথে সাক্ষাৎ করেন। তাঁহারা প্রতিমন্ত্রীকে বাংলাদেশে আরবী ভাষার উন্নয়ন ও চর্চার জন্য সৌদী আর্থিক সাহায্যে শিক্ষক প্রেরণে গভীর আগ্রহের কথা অবহিত করেন। তাঁহারা প্রস্তাবিত ইসলামী বিশ্ববিদ্যালয়ের আরবী বিভাগে সাহায্য দেওয়ার প্রস্তাবও দেন। প্রতিমন্ত্রী এইসব প্রস্তাবকে স্বাগত জানান।